গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পরিকল্পনা-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

স্মারক নং-১৮.০২৪.০১৪.০০২.০২০.২০১৭/**১৬৮** তারিখঃ ০৭ অক্টোবর ২০১৯

**বিষয়ঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের ২০১৮-২০১৯ অর্থ বছরের এডিপিভুক্ত এবং সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প সমূহের আগষ্ট, ২০১৯ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব খালিদ মাহ্মুদ চৌধুরী এম.পি এর সভাপতিত্বে গত ১৭/০৯/২০১৯ তারিখে অনুষ্ঠিত অত্র মন্ত্রণালয় এবং এর আওতাধীন সংস্থাসমূহের ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পের আগষ্ট, ২০১৯ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্সংঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ৪ (চার) পৃষ্ঠা।

(মো: উবায়দুল হক)
উপ-প্রধান
ফোনঃ ৯৫৪৫৪৮৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শেরে-বাংলা নগর, ঢাকা (দৃঃ আঃ উপ-সচিব/উপ-প্রধান, ইউ এন- ৩)।
৩। সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন/বন্দর/সংস্থা/উন্নয়ন), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা, বাগেরহাট।
৬। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর ভবন, চট্টগ্রাম।
৭। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, শাহবাগ, ঢাকা।
৮। চেয়ারম্যান, স্থল বন্দর কর্তৃপক্ষ, টিসিবি ভবন, কাওরাণ বাজার, ঢাকা।
৯। চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, আল-আমিন মিলিনিয়াম টাওয়ার, লেভেল-৭, ৭৫-৭৬ কাকরাইল, ঢাকা।
১০। বিভাগ প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
১১। মহা-পরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
১২। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
১৪। যুগ্ম-সচিব (বাজেট/উন্নয়ন), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, জুলদিয়া, চট্টগ্রাম।
১৬। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, হালিশহর, চট্টগ্রাম।
১৭। পরিচালক-১১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেঁজগাও, ঢাকা।
১৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৯। সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান (১/২/৩/৪/৫) নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ

১। মাননীয় প্রতি মন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (তাঁকে সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
৪। যুগ্ম প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। অফিস কপি।

MUNUTS LETTER

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয় ঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিভুক্ত এবং সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের আগষ্ট/২০১৯ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | খালিদ মাহ্‌মুদ চৌধুরী, এম.পি<br>প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়। |
| সভার তারিখ | ঃ | ১৭/০৯/২০১৯ |
| সময় | ঃ | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | ঃ | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ। |

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট-"ক"তে সন্নিবেশিত হলো।

০২। নৌপরিবহন মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রতিমন্ত্রী সভার শুরুতে সকলকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা শুরু করার অনুরোধ জানান। সচিব মহোদয় সভার শুরুতে গত অর্থ বছরে এ মন্ত্রণালয়ের বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাস্তবায়ন ৯৯.৭০ উল্লেখ করে বলেন যে, নৌপরিবহন মন্ত্রণালয়ের প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি (আর্থিক ও বাস্তব) অক্ষুন্ন রাখতে হবে। তিনি সভাকে অবহিত করেন যে, প্রকল্প বাস্তবায়নে কতিপয় মানদন্ড নির্ধারণ করে গত অর্থ বছরে বাস্তবায়নাধীন সকল প্রকল্প পরিচালকদেরকে মূল্যায়ন করা হয়েছে। তিনি প্রকল্প বাস্তবায়নের সাফল্যের জন্য (Best Project Director of the Year 2018-19) ২ জন প্রকল্প পরিচালক ইঞ্জিনিয়ার মোহাম্মদ ইউসুফ, ৬টি নতুন জাহাজ ক্রয় প্রকল্প, বিএসসি এবং জনাব রফিক আহম্মদ সিদ্দিক, বাংলাদেশে চারটি মেরিন একাডেমি স্থাপন প্রকল্প, নৌপরিবহন মন্ত্রণালয়কে ক্রেষ্ট ও সনদ প্রদান করেন। মূল্যায়ন অনুযায়ী ৫০% নিম্নে নম্বর প্রাপ্ত প্রকল্প পরিচালকদের পারফরমেন্সে অসন্তোষ প্রকাশ করেন। মাননীয় প্রতিমন্ত্রী বলেন, প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি ত্বরান্বিতকরণে প্রকল্প পরিচালকদেরে আরো নিবিড়ভাবে কাজ করা প্রয়োজন। তিনি প্রকল্পের মনিটরিং এর বিষয়ে গুরুত্বারোপ করে বলেন যে, প্রকল্পের প্রতিটি কাজের প্রতিদিন/সাপ্তাহিক/মাসিক মনিটরিং ব্যবস্থা থাকতে হবে এবং ওয়ার্কপ্ল্যান করে সে অনুযায়ী কাজ করতে হবে। অত:পর তিনি মন্ত্রণালয়ের যুগ্ম-প্রধানকে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়সমূহ বিস্তারিত উপস্থাপনের জন্য অনুরোধ জানান। যুগ্ম-প্রধান, নৌপরিবহন মন্ত্রণালয় সভাকে অবহিত করেন যে, ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতায় মোট ৪৯টি প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত ৪৭১৩.৭১ কোটি টাকার বিপরীতে আগষ্ট, ২০১৯ পর্যন্ত মোট ব্যয় হয়েছে মাত্র ৭৪.৭২ কোটি টাকা, যা বরাদ্দের ১.৫৮%। উক্ত অগ্রগতি ২০১৮-১৯ অর্থ বছরের আগষ্ট/২০১৮ পর্যন্ত জাতীয় গড় ৪.৪৮% এর তুলনায় কম। সভাকে অবহিত করা হয় যে, সংস্থার নিজস্ব অর্থায়ন ব্যতীত এডিপির অর্থায়নে বাস্তবায়নাধীন মোট ৪০টি উন্নয়ন প্রকল্পের অনুকূলে মোট ৩০১৩.৪৪ কোটি টাকা বরাদ্দ আছে। এর মধ্যে আগষ্ট/২০১৯ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ৭৪.৭২ কোটি টাকা, যা মোট বরাদ্দের ২.৪৭%। সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন ৯টি প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ১৬৯৯.৮৭ কোটি টাকার বিপরীতে আগষ্ট/২০১৯ পর্যন্ত কোন ব্যয় হয়নি। সভাপতি মন্ত্রণালয়ের বাস্তবায়ন অগ্রগতিতে অসন্তোষ প্রকাশ করেন। তিনি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিতকরণে অর্থ বছরের শুরু থেকেই কাজ করার উপর গুরুত্ব আরোপ করেন।

২.২। যুগ্ম-প্রধান, নৌপরিবহন মন্ত্রণালয়ের এডিপিভুক্ত প্রকল্পগুলোর সংস্থাভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি এবং প্রকল্পভিত্তিক বিস্তারিত অগ্রগতি উপস্থাপন করেন। সংস্থাভিত্তিক প্রকল্প বাস্তবায়ন অগ্রগতির নিম্নরূপ চিত্র তুলে ধরা হয়ঃ

(লক্ষ টাকায়)

| ক্রম | সংস্থার নাম | প্রকল্প সংখ্যা | ২০১৯-২০ বছরের এডিপির বরাদ্দ | আগষ্ট/২০১৯ পর্যন্ত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|
| | | | | অর্থ ছাড় | আর্থিক অগ্রগতি (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | বিআইডব্লিউটিএ | ২০ | ১৫০০০২.০০ | ২৭১৮৩.৪৯ | ৪৮৯৭.৩১(২.৬৯%) |
| ২ | বিআইডব্লিউটিসি | ২ | ১২০২৩.০০ | - | - ( -%) |
| ৩ | মোংলা বন্দর কর্তৃপক্ষ | ৪ | ৩৩৫০০.০০ | - | - (-%) |
| ৪ | স্থল বন্দর কর্তৃপক্ষ | ৬ | ১০২০২.০০ | ১৭.২৫ | ১৭.২৫ (০.১৬%) |
| ৫ | নৌপরিবহণ মন্ত্রণাঃ | ১ | ১০০০০.০০ | ২১৯৪.৭৫ | ২১০৫.০০ (২১.০৫%) |
| ৬ | পায়রা বন্দর কর্তৃপক্ষ | ২ | ৭১৩০০.০০ | - | - (-%) |
| ৭ | চবক | ১ | ১২০.০০ | - | - (-%) |
| ৮ | নৌপরিবহণ অধিঃ | ২ | ৯৪৯৯.০০ | ১২৬৩.২৬ | ৩৪.৩৮ (০.৩৬%) |
| ৯ | এন এম আই | ১ | ৩০০০.০০ | ৭৫০.০০ | ৩২৩.০৫ (১০.৭৬%) |
| ১০ | জাতীয় নদী রক্ষা কমিশন | ১ | ৯০০.০০ | ২২৫.০০ | ৯৪.৪৩(১০.৪৯%) |
| উপ-মোট | | ৪০ | ৩০১৩৪৪.০০ | ৩১৬৩৩.৭৫ | ৭৪৭১.৬২(২.৪৭%) |
| নিজস্ব অর্থায়ন | | | | | |
| ১১ | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ | ৭ | ১৬৮৯৮৫.০০ | .... | - (-%) |
| ১২ | বিআইডব্লিউটিসি | ১ | ৯০২.০০ | .... | - (-%) |
| ১৩ | মোংলা বন্দর কর্তৃপক্ষ | ১ | ১০০.০০ | .... | -(-%) |
| উপ-মোট | | ৯ | ১৬৯৯৮৭.০০ | .... | - (-%) |
| সর্বমোটঃ | | ৪৯ | ৪৭১৩৩১.০০ | ৩১৬৩৩.০০ | ৭৪৭১.৬২ (১.৫৮%) |

৩.০। অত:পর সভায় ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি/সমস্যা এবং গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে নিম্নরূপ আলোচনা করা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.১ | **প্রকল্পের অর্থছাড় সংক্রান্তঃ** স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের প্রকল্পের ১ম কিস্তির অর্থছাড়ের ক্ষেত্রে মাত্র ২৯টি প্রকল্পের অর্থছাড় করা হয়েছে। এখনো ৭টি প্রকল্পের অর্থছাড় করা হয়নি। যে সমস্ত প্রকল্পের অর্থছাড় হয়নি সে সমস্ত প্রকল্পের দ্রুত অর্থছাড়ের প্রস্তাব মন্ত্রণালয়ে দাখিলের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের প্রকল্প সমূহের ১ম কিস্তির অর্থছাড়ের প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে দাখিল করতে হবে এবং ২য় কিস্তি অর্থছাড়ের প্রস্তাব অক্টোবর, ২০১৯ এর মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | সংস্থা প্রধানগণ এবং প্রকল্প পরিচালকগণ |
| ৩.২ | **দরপত্র প্রক্রিয়াকরণঃ** সভায় অবহিত করা হয় যে, অর্থ বছর শুরু হওয়ার সাথে সাথেই প্রকল্পের কার্যক্রম শুরু করা যায় সে লক্ষ্যে গত অর্থ বছর থেকে দরপত্রসমূহ প্রক্রিয়াকরণের জন্য তাগিদ দেয়া হচেছ। সভায় শুষ্ক মৌসুমে কাজ শুরু করা লক্ষ্যে প্রকল্পের দরপত্রসমূহ দ্রুত প্রক্রিয়াকরণের উপর গুরুত্বারোপ করা হয় এবং আগামী সেপ্টেম্বর, ২০১৯ এর মধ্যে সকল দরপত্র আহবান এর নির্দেশনা প্রদান করা হয়। | ২০১৯-২০ অর্থ বছরের ক্রয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত সকল দরপত্র সেপ্টেম্বর, ২০১৯ এর মধ্যে আহবান করতে হবে। | সংস্থা প্রধানগণ এবং প্রকল্প পরিচালকগণ |

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.৩ | **ড্রেজ ম্যাটারিয়ালঃ** উত্তরবঙ্গের নদীগুলির ড্রেজকৃত ম্যাটরিয়াল নিয়ে বিশদ আলোচনা হয় এবং উক্ত ড্রেজকৃত ম্যাটারিয়াল দ্বারা ইটের ভাটা এবং টালি তৈরি কাজে ব্যবহারের উপর গুরুত্বারোপ করা হয়। এছাড়াও প্রকল্পের ড্রেজড ম্যাটারিয়াল ব্যবস্থাপনা যাতে যথাযথ হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। | উত্তরবঙ্গেও নদীগুলির ড্রেজকৃত ম্যাটরিয়াল দ্বারা ইটের ভাটা এবং টালি তৈরী কাজে ব্যবহারের বিষয়ে অতিরিক্ত সচিব (মনিটরিং) পরিদর্শন করে একটি প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করবেন। | অতিরিক্ত সচিব(মনিটরিং) |
| ৩.৪ | **পিসিআরঃ** যে সমস্ত প্রকল্প ২০১৮-১৯ অর্থ বছরে সমাপ্ত হয়েছে সেগুলোর সমাপ্ত প্রতিবেদন সেপ্টেম্বর/২০১৯ এর মধ্যে মন্ত্রণালয়ে দাখিলের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | ২০১৮-১৯ অর্থ বছরে সমাপ্তকৃত প্রকল্পসমূহের সমাপ্ত প্রতিবেদন আগামী সেপ্টেম্বর/২০১৯ এর মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | সংস্থা প্রধানগণ এবং প্রকল্প পরিচালকগণ |
| ৩.৫ | **একনেক সভার সিদ্ধান্তঃ** একনেক সভার সিদ্ধান্ত অনুযায়ী নৌ পরিবহন মন্ত্রণালয়ে উন্নয়ন প্রকল্পের বিনিয়োগের ফলে এ সাব-সেক্টরের রেট অফ রিটার্ণ কতটুকু হয়েছে তা নিরূপণের লক্ষ্যে একটি স্টাডি প্রকল্প গ্রহণের উপর গুরুত্বরোপ করা হয়। এ বিষয়ে পরিকল্পনা কমিশনের নির্দেশনা রয়েছে। | একনেক সভার সিদ্ধান্ত অনুযায়ী নৌপরিবহন মন্ত্রণালয়ে বিনিয়োগের ফলে এ সাব-সেক্টরের রেট অফ রিটার্ণ নিরূপণের লক্ষ্যে একটি স্টাডি প্রকল্প গ্রহণ করতে হবে। | মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং |
| ৩.৬ | **প্রকল্প মনিটরিংঃ** প্রকল্পের মনিটরিং এর বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয় এবং প্রকল্পের প্রতিটি কাজের বিপরীতে প্রতিদিন/সাপ্তাহিক/মাসিক মনিটরিং ব্যবস্থা রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নের জন্য প্রতিটি কার্যক্রমের বিপরীতে প্রতিদিন /সাপ্তাহিক /মাসিক মনিটরিং ব্যবস্থা রাখতে হবে। | সংস্থা প্রধানগণ এবং প্রকল্প পরিচালকগণ |
| ৩.৭ | **শীপ পার্সোন্যাল বিষয়কঃ** মাদারীপুর শীপ পার্সোন্যাল ট্রেনিং ইন্সটিটিউটে আগামী জানুয়ারি,২০২০ হতে ২০০ জন ছাত্র ভর্তির উদ্যোগ গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয় এবং উত্তরবঙ্গে একটি শীপ পার্সোন্যাল ট্রেনিং ইন্সটিটিউটে স্থাপনের উদ্যোগ গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | নবনির্মিত মাদারীপুর শীপ পার্সোন্যাল ট্রেনিং ইন্সটিটিউটে আগামী জানুয়ারি, ২০২০ হতে ২০০ জন ছাত্র ভর্তির উদ্যোগ গ্রহণ করতে হবে এবং উত্তরবঙ্গে একটি শীপ পার্সোন্যাল ট্রেনিং ইন্সটিটিউট স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | সংস্থা প্রধান এবং প্রকল্প পরিচালক |
| ৩.৮ | **প্রতিবেদন:** বিআইডব্লিউটিএ এর নারায়ণগঞ্জ গুদামঘরে কিভাবে আগুন লেগেছে এ বিষয়ে বিশদ আলোচনা হয় এবং এ বিষয়ে তদন্ত কমিটির প্রতিবেদন অনুযায়ী বিআইডব্লিউটিএ হতে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে সে বিষয়ে একটি প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | নারায়ণগঞ্জে গুদামঘরে আগুন এর বিষয়ে গঠিত তদন্ত কমিটির সুপারিশ অনুযায়ী কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে সে বিষয়ে বিআইডব্লিউটিএ একটি প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করবে। | সংস্থা প্রধান |
| ৩.৯ | **ভূমি অধিগ্রহণ:** মন্ত্রণালয়ের উন্নয়ন কাজের জন্য কোন প্রকল্পের অধীন কোথায় ভূমি অধিগ্রহণ করতে হবে এ সংক্রান্ত কার্যক্রম কোথায় অপেক্ষামান আছে সে সমস্ত তথ্যসহ সংস্থাসমূহকে মন্ত্রণালয়ে পত্র লিখার নির্দেশনা প্রদান করা হয়। | প্রতিটি প্রকল্পের উন্নয়ন কাজের জন্য ভূমি অধিগ্রহণ সংক্রান্ত তথ্যাদি জরুরিভিত্তিতে মন্ত্রণালয়ে পত্র মারফত জানাতে হবে। | সংস্থা প্রধানগণ |
| ৩.১০ | **উদ্বোধনঃ** পুরাতন ব্রহ্মপুত্র নদ ড্রেজিং এর কার্যক্রম উদ্বোধনের জন্য সভায় আলোচিত হয় এবং মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের নিকট হতে সুবিধাজনক সময় নিয়ে ড্রেজিং কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধনের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | পুরাতন ব্রহ্মপুত্র নদ ড্রেজিং এর কার্যক্রম উদ্বোধনের জন্য এ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের নিকট হতে সুবিধাজনক সময় নিয়ে আনুষ্ঠানিক উদ্বোধনের ব্যবস্থা নিতে হবে। | সংস্থা প্রধান এবং প্রকল্প পরিচালক |

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.১১ | **নৌ রুটের কার্যক্রমঃ** ৫৩ নৌরুট প্রকল্পের কার্যক্রম নিয়ে সভায় বিশদ আলোচনা হয় এবং অতিরিক্ত সচিব (মনিটরিং) কে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন শেষে প্রতিবেদন প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | অতিরিক্ত সচিব (মনিটরিং) ৫৩ নৌরুট প্রকল্পের কার্যক্রম সরজমিনে পরিদর্শন করে একটি প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করবে। । | অতিরিক্ত সচিব(মনিটরিং) |
| ৩.১২ | **অডিও ভিডিও এবং স্থির চিত্রঃ** প্রকল্পের কার্যক্রম দৃশ্যমান করার জন্য অডিও ভিডিও এবং স্থির চিত্র গ্রহণের উপর এবং সেগুলো যথাযথ সংরক্ষণের উপর গুরুত্বারোপ করা হয়। | প্রকল্পের কার্যক্রম দৃশ্যমান করার জন্য অডিও ভিডিও এবং স্থির চিত্র গ্রহণ এবং সেগুলো যথাযথ সংরক্ষণ করতে হবে। | সংস্থা প্রধানগণ এবং প্রকল্প পরিচালকগণ |
| ৩.১৩ | **সমাপ্য প্রকল্পঃ** সভাকে অবহিত করা হয় যে, চলতি অর্থ বছরে এমটিবিএফ এর আওতায় নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের ১০টি প্রকল্প সমাপ্ত তালিকায় অন্তর্ভূক্ত রয়েছে। সময়ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে প্রকল্পগুলো সমাপ্ত করার উপর গুরুত্বারোপ করা হয় এবং সমাপ্তের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | এমটিবিএফ এর আওতায় সম্ভাব্য সমাপ্য তালিকায় অন্তর্ভূক্ত ১০টি প্রকল্প সময়ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে প্রকল্পগুলো সমাপ্ত করতে হবে। | সংস্থা প্রধানগণ এবং প্রকল্প পরিচালকগণ |
| ৩.১৪ | **রির্পোটিংঃ** উন্নয়ন কাজের রিপোটিং যথাযথভাবে প্রণয়ন এবং তা নিদিষ্ট সময়ের মধ্যে দাখিল করার উপর সভায় গুরুত্বারোপ করা হয়। | উন্নয়ন কাজের রির্পোটিং যথাযথভাবে প্রণয়ন করতে হবে এবং তা প্রতিমাসের তিন তারিখের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | সংস্থা প্রধানগণ এবং প্রকল্প পরিচালকগণ |

৪.০। নৌপরিবহন মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থ বছরের উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পরিকল্পিত লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পাদনের জন্য এখন থেকেই উদ্যোগ গ্রহণ করতে হবে। সরকারের সকল নিয়ম কানুন মেনে অর্থ বৎসর শেষ হওয়ার আগেই প্রকল্পের কার্যক্রমে গুণগতমান্ বজায় রেখে এডিপি বরাদ্দের সর্ব্বোচ ব্যবহারের উপর সভায় গুরুত্বারোপ করা হয়। সভায় শুষ্ক মৌসুমকে কাজে লাগিয়ে প্রকল্পের কাংখিত অগ্রগতি সাধনের জন্য মাননীয় প্রতিমন্ত্রী সংশ্লিষ্ট সকলকে উদ্যোগী (Proactive) হয়ে কাজ করার আহবান জানান।

৫.০। পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(খালিদ মাহ্মুদ চৌধুরী, এম পি)
প্রতিমন্ত্রী